

মাভাবিপ্রবিতে ২০২১-২২ শিক্ষা বর্ষের ওরিয়েন্টেশন

টাঙ্গাইল প্রতিনিধি

২৩ জানুয়ারি ২০২৩

১২:০০ এএম | আপডেট:

২৩ জানুয়ারি ২০২৩

১২:৪৩ এএম

নতুন নতুন উদ্ভাস
আমাদের সময়

advertisement

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (মাভাবিপ্রবি) ২০২১-২২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (ইঞ্জিনিয়ারিং/অনার্স/বি-ফার্ম) কোর্সে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ১২ তলা একাডেমিক ভবনের সামনে ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. ফরহাদ হোসেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এআরএম সোলাইমান, ট্রেজারার প্রফেসর ড. মো. সিরাজুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন প্রফেসর ড. সাজ্জাদ ওয়াহিদ, লাইফ সায়েন্স অনুষদের ডিন প্রফেসর ড. মো. মাহবুবুল হক ও রেজিস্ট্রার ড. মোহা. তৌহিদুল ইসলাম। এটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও পরামর্শদানকেন্দ্রের পরিচালক প্রফেসর ড. এএসএম সাইফুল্লাহ। ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশ্ববিদ্যালয়ের ১৬টি বিভাগে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।